# ইসলামপুর উপজেলা পরিষদের অক্টোবর ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস. এম. জামাল আব্দুন নাছের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
সভার তারিখ ও সময় : ১৪ অক্টোবর ২০২১; সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ হলরুম
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো।

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং কমিটির অন্যান্য সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহবান জানানো হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**১। গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। | পাঠান্তে কোন বিষয়ে আপত্তি না থাকায় এবং কোন সংযোজন বা বিয়োজনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |

**২। বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

| | | |
|---|---|---|
| **স্বাস্থ্য বিভাগ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত ছিলেন এবং কোন কার্যপত্র প্রেরণ করা হয়নি বিধায় তার বিভাগীয় কার্যক্রমের বিয়য়ে কোন আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভার পূবেই কার্যপত্র প্রেরণসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইসলামপুর |
| **প্রকৌশল বিভাগ**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তা ও বাসাবাড়ীর সংযোগ রাস্তাসমূহ দীর্ঘদিন যাবত মেরামত না করার দরুণ বেহাল অবস্থায় রয়েছে। যাতায়াত এর চরম দুর্ভোগ হচ্ছে। এছাড়া বাসাবাড়ীসমূহে পানি নিস্কাশনের জন্য কোন ড্রেন নাই অল্প বৃষ্টি হলেই জলাবদ্ধতা সৃষ্টি হয়। জরুরীভাবে অভ্যন্তরীন রাস্তা সংস্কার ও ড্রেন নির্মাণ করা প্রয়োজন। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পের (স্কীম) তালিকা দ্রুত দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এছাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তা ও ড্রেন নির্মাণ করা জরুরী প্রয়োজন বলে জানান।<br>তিনি আরও জানান অত্র উপজেলার ১২ টি ইউনিয়নের মধ্যে ০৫ টি ইউনিয়ন পরিষদ ভবন রয়েছে, বাকী ৭ টি ইউনিয়ন পরিষদের কোন ভবন নেই। যে সকল ইউনিয়ন পরিষদের ভবন নেই সে সকল ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য সংশ্লিষ্ট সকলকে যথাযথ প্রক্রিয়ায় উধ্বর্তন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। | ১। দ্রুত সময়ে মধ্যে এডিপির প্রকল্পের তালিকা দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তা ও ড্রেন নির্মাণের প্রাক্কলন প্রস্তুত পূর্বক উধ্বর্তন কর্তৃপক্ষ বরাবর প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। অনুমোদন প্রাপ্তি স্বাপেক্ষে উপজেলা উন্নয়ন তহবিল/ রাজস্ব তহবিল হতে কাজ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। যে সকল ইউনিয়নে ভবন নেই সে সকল ইউনিয়নে ভবন নির্মাণের প্রস্তাব দ্রুত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ইসলামপুর, জামালপুর। |
| **কৃষি বিভাগ**<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বর্তমানে আমন মৌসুমে ৯৭৬২ হেক্টর জমিতে আমন ধানের চাষাবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ বছর বন্যা না হওয়ায় আবাদ লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে আশা করা যাচ্ছে। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক রয়েছে। আগামী কয়েক দিনের মধ্যে একটি প্রণোদনা বরাদ্দ আসবে। প্রণোদনা বিতরণের জন্য উপকারভোগী কৃষকদের নামের তালিকা প্রস্তুত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার ও তালিকা প্রণয়নের ক্ষেত্রে প্রকৃত-কৃষকদের তালিকা বিধি মোতাবেক সম্পাদন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার ইসলামপুর, জামালপুর। |



CamScanner

| | | |
|---|---|---|
| **...ণ সম্পদ বিভাগ**<br>...পজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান, বেলগাছা, নোয়ারপাড়া ও ...কান্দি ইউনিয়নে ১৩৬৫ জন কৃষককে ৫০ কেজি করে গো-খাদ্য বিতরণ করা হয়েছে। কুড়িগ্রাম-জামালপুর প্রান্তিক জনগোষ্ঠির দারিদ্র হ্রাসকরণ প্রকল্পের মাধ্যমে ১৪০ জন বকনা পালনকারীকে দুইদিন করে মোট ৪(চার) দিন প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **মৎস্য বিভাগ**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, মা ইলিশ সংরক্ষণ অভিযান উপলক্ষ্যে এখন পর্যন্ত কুলকান্দি, বেলগাছা, চিনাডুলী, নোয়ারপাড়া, চরগোয়ালিনী ও গোয়ালেরচর পলবান্ধা ইউনিয়নের ২৫৫৭ জন জেলেকে ২০ কেজি করে মোট ৫১.১৪ মেঃ টন চাল বিতরণ সম্পন্ন হয়েছে। অন্যান্য ইউনিয়ন ও পৌরসভায় দ্রুত চাল বিতরণের অনুরোধ করা হলো। এছাড়া যমুনা নদী ও হাট-বাজারে এখন পর্যন্ত ৭ টি মোবাইল কোর্ট ও ৮ টি অভিযান এর মাধ্যমে আনুমানিক ৩২ হাজার মিটার কারেন্ট জাল আটক এবং ৩ জন জেলেকে ৩০০০/- টাকা জরিমানা করা হয়। এছাড়া মৎস্যচাষীদের পুকুর পরিদর্শন, পরামর্শ প্রদান, পানি পরীক্ষসহ অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২১ মাসের অর্জন, ক) স্থায়ী পদ্ধতি (মহিলা) = ২২ জন, খ) আই ইউডি = ১৯ জন, গ) ইমপ্লান্ট = ৫৭ জন, ঘ) ইসিপি ১০ জন, ঙ) কন্ডম, ২৪৪৫৩ পিচ, চ) আপন (বড়ি) ৩৮৯ জন চক্র, ছ) খাবার বড়ি (সুখী) ১৭,৫২৮ চক্র, জ) ইনজেকশন ১৪৩০ ভায়াল। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **দুর্যোগ ও ত্রাণ বিভাগ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার/রক্ষণাবেক্ষণ (কাবিটা/কাবিখা/টি.আর) ১ম পর্যায় নন সোলার খাতে নিম্নোক্ত বরাদ্দ পাওয়া যায়।<br>নির্বাচনী এলাকা ভিত্তিক কাবিটা ৭৫,৫৮,৯২৪/- টাকা, কাবিখা ১৫৯.১৪৪ মেঃটন চাল ও গম ১৫৯.১৪৪ মেঃটন গম বরাদ্দ পাওয়া যায়। মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রকল্প তালিকা পাওয়া যায় এবং জেলা কর্ণধার কমিটিতে প্রেরণের জন্য প্রস্তুত করা হচ্ছে। কাবিটা/কাবিখা সংরক্ষিত ও সাধারণ ১ম পর্যায়ের বরাদ্দ ছাড়করণের জন্য প্রক্রিয়াধীন। টি আর সাধারণ ১ম পর্যায়ে ২৭,৪৩,৩০৭/১২ ও পৌরসভার ১ম পর্যায়ে ৩,৪৫,৭১৮/৯৬ প্রকল্প তালিকা পাওয়া যায় এবং জেলা কর্ণধার কমিটিতে আছে। জি.আর ক্যাশ ৩,৮৭,০০০/- টাকার মধ্যে ৩,৫০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে এবং অবশিষ্ট ৩৭,০০৯/- টাকা অবশিষ্ট আছে। ৩৩৩ এ জি. আর ক্যাশ বাবদ ৯,৬৮,৪১২/- টাকা বরাদ্দের মধ্যে ২,৩৬,৭০৩/- টাকা বিতরণ করা হয়েছে। ৭,৩১,৭০৯/- টাকা অবশিষ্ট আছে। শিশু খাদ্য ২,৪৭,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে এবং ২,৪৭,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। জি.আর চাল ৪৮.০০০ মেঃ টন বরাদ্দের মধ্যে ৪৬.০০০ মেঃ টন বিতরণ করা হয়েছে। অবশিষ্ট আছে ২.০০০ মেঃটন, গো-খাদ্য ৭,৪৭,০০০/- বরাদ্দ পাওয়া যায়। নদী ভাংগনে ১০৭ টি পরিবারের অনুকূলে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায় এবং ছাড় করণের প্রয়োজনীয় ব্যবস্থা করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |



CamScanner

| | | |
|---|---|---|
| **…জ সেবা বিভাগ**<br>…জেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী [illegible] 'নগদ' এর মাধ্যমে খুব কম সময়ের মধ্যে পে-রোল প্রেরণ করা হয়েছিল বিধায় কিছু হিসাব নম্বরে ভুল ছিল। সেক্ষেত্রে প্রত্যেক ইউনিয়নে মোবাইল নম্বর সম্বলিত তালিকা প্রেরণ করে, ভুলসমূহ সংশোধন করা হয়েছে এবং আশা করা যায় পরবর্তীতে ভাতা ভোগীরা সঠিকভাবে ভাতা টাকা মোবাইলে পাবে। এছাড়া মৃত ভাতা ভোগীদের বিপরীতে প্রতিস্থাপন, স্বচ্ছল ব্যক্তিদের ভাতা বাতিল করে অসহায় ব্যক্তিদের ভাতার আওতায় নিয়ে আসা, বিধবা ভাতা ভোগীদের ক্ষেত্রে কারো স্বামী জীবিত থাকলে কিংবা অন্যত্র বিবাহ বন্ধনে আবদ্ধ হলে তাদেরকেও প্রতিস্থাপন করা প্রয়োজন বলে জানানো হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার |
| **শিক্ষা বিভাগ**<br>উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, দীর্ঘদিন সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকার পর শ্রেণীর শিক্ষা কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে চালু করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ইসলামপুর, জামালপুর। |
| **মাধ্যমিক শিক্ষা বিভাগ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখ হতে সরকারি নির্দেশ মোতাবেক সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। সামাজিক দূরত্ব ও স্বাস্থ্য বিধি অনুসরণ পূর্বক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। ৬ষ্ঠ বিজ্ঞান অলিম্পিয়াড ও বিজ্ঞান কুইজ, বঙ্গবন্ধু ও মানবাধিকার রচনা, শেখ রাসেল দিবস উপলক্ষ্যে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা, শেখ কামালের জন্ম দিবস পালন, প্রধানমন্ত্রী মহোদয়ের ৭৫ তম জন্মদিবস উপলক্ষে সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্মারক বৃক্ষ রোপন করা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ইসলামপুর, জামালপুর। |
| **মহিলা বিষয়ক বিভাগ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত ছিলেন এবং কোন কার্যপত্র প্রেরণ করা হয়নি বিধায় তার দাপ্তরিক কার্যক্রমের বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভার পূর্বেই কার্যপত্র প্রেরণসহ পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার ইসলামপুর, জামালপুর |
| **যুব ও ক্রীড়া বিভাগ**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, অক্টোবর/২১ মাসের যুব ঋণ আদায়যোগ্য ২,২২,৪৩০/- টাকা এবং আদায় হয়েছে ২,২২,৪৩০/- টাকা। ভ্রাম্যমান প্রশিক্ষণের আওতায় ২ টি ব্যাচে মোট ৬০ জনকে এক সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণের জন্য চূড়ান্ত প্রক্রিয়া আছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ইসলামপুর, জামালপুর। |
| **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ**<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ১৪টি ওয়াশব্লক নির্মাণাধীন, ১১ টি ওয়াশব্লক প্রক্রিয়াধীন, ইসলামপুর পৌরসভা পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের কাজ চলমান এবং মুজিব বর্ষে গৃহহীন পরিবারের জন্য ২০ টি নলকূপের বোরিং কাজ সমাপ্ত হয়েছে এবং পাটাতনের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং 'ক' শ্রেণীর গৃহহীনদের জন্য নলকূপ স্থাপনের কাজ দ্রুত শেষ করতে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ইসলামপুর, জামালপুর। |
| **পল্লী উন্নয়ন বিভাগ**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) মাধ্যমে করোনার কারণে প্রান্তিক কৃষকদের মাঝে কৃষিপ্রণোদনা ঋণ প্রদানের কার্যক্রম হিসেবে উপকারভোগী কৃষকের তালিকা প্রস্তুত ঋণের চেক বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ইসলামপুর, জামালপুর। |



CamScanner

| | | |
|---|---|---|
| **সমবায় বিভাগ**<br>উপজেলা সমবায় অফিসার সভায় অনুপস্থিত ছিলেন এবং কোন কার্যপত্র প্রেরণ হয়নি বিধায় তার বিভাগীয় কার্যক্রমের বিষয় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভার পূবেই কার্যপত্র প্রেরণসহ পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **বন ও পরিবেশ অধিদপ্তর**<br>ফরেস্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় সভায় অনুপস্থিত ছিলেন এবং কোন কার্যপত্র প্রেরণ করা হয়নি বিধায় তার বিভাগীয় কার্যক্রমের বিষয় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভার পূবেই কার্যপত্র প্রেরণসহ পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, বন ও পরিবেশ অধিদপ্তর,<br>ইসলামপুর, জামালপুর। |
| **বিদ্যুৎ বিভাগ**<br>ডিজিএম পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, লোড শেডিং এর কারণে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যহত হচ্ছে। আশা করা যাচ্ছে শিঘ্রই বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ইসলামপুর পৌরসভায় ওএমএস ডিলারের মাধ্যমে স্বল্পমূলে চাউল ও আটা বিক্রয় করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ইসলামপুর, জামালপুর। |

**৩। ১৭ কমিটি পুনর্গঠনঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৪। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনাঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৫। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনাঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৬। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ঃ**

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ০৫/১০/২০২১ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ১৭,০৩,৩৬৬/- (সতের লক্ষ তিন হাজার তিনশত ছেষট্টি) টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ৫৭,৫৭,৯৬৩/- (সাতান্ন লক্ষ সাতান্ন হাজার নয়শত তেষট্টি) টাকা স্থিতি রয়েছে। দাপ্তরিক প্রয়োজনে উপজেলা রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিল ব্যবহারিক নির্দেশিকা মোতাবেক নিম্নোক্ত ব্যয় সম্পাদিত হয়েছে। | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয় সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত ভোটে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |

| ক্রঃ নং | ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের সেপ্টেম্বর/২০২১মাসের সম্মানিভাতা প্রদান | ৯৪০০০.০০ |
| ০২ | উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে নিয়োজিত ২ (দুই) জন কর্মচারীর সেপ্টেম্বর/২০২১ মাসের বেতন | ২১৯০০.০০ |
| ০৩ | উপজেলা পরিষদ মাসিক সভা ও উপজেলা নির্বাহী অফিসের আপ্যায়ন ও উপজেলা পরিষদের অন্যান্য আপ্যায়ন বাবদ ব্যয় | ৩৮০০০.০০ |
| ০৪ | উপজেলা পরিষদ আনুষাঙ্গিক ব্যয় বাবদ | ৫০০০.০০ |

**৮। বিবিধ ঃ**

| | | |
|---|---|---|
| ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, ইসলামপুর বাসীর দাবী ময়মনসিংহ টু চট্টগ্রাম গামী বিজয় আন্তনগর ট্রেনটি দেওয়ানগঞ্জ টু চট্টগ্রাম পর্যন্ত চলাচলের পদক্ষেপ নেওয়া যায় এবং দেওয়ানগঞ্জ টু ঢাকা গামী ১(এক) টি আন্তনগর নতুন ট্রেন চালু ও ইসলামপুর রেলস্টেশনে যাত্রী ছাউনী সংস্কারসহ | আলোচনান্তে ময়মনসিংহ টু চট্টগ্রাম গামী বিজয় আন্তনগর ট্রেনটি দেওয়ানগঞ্জ টু চট্টগ্রাম পর্যন্ত ও দেওয়ানগঞ্জ টু ঢাকা গামী ২(দুই) টি | উপজেলা নির্বাহী অফিসার,<br>ও<br>সংশ্লিষ্ট সকল |



CamScanner

| | | |
|---|---|---|
| সম্প্রসারণ এবং রেল স্টেশনে ফুট ওভার ব্রীজ ও ভিআইপি টয়লেটযুক্ত একটি ওয়েটিংরুম এবং ২য় প্লাটফর্ম নির্মাণের প্রস্তাব সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আন্তনগর নতুন ট্রেন চালু ও ইসলামপুর রেলস্টেশনে যাত্রী ছাউনী সংস্কারসহ সম্প্রসারণ এবং রেল স্টেশনে একটি ফুট ওভার ব্রীজ, ভিআইপি টয়লেটযুক্ত ওয়েটিংরুম এবং ২য় প্লাটফর্ম নির্মাণের প্রস্তাব মাননীয় প্রতিমন্ত্রী ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের ডিও সহ রেলপথ মন্ত্রণালয়ের প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সম্মুখে মরা ঝুঁকিপূর্ণ ১(এক) টি ইউক্যালিপটাস ও ১(এক) টি এডিকড়ই গাছ রয়েছে যা অপসারণ করা প্রয়োজন। অন্যথায় উক্ত মরা গাছের ডাল ভেঙ্গে পড়ে যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সম্মুখে মরা ১(এক) টি ইউক্যালিপটাস ও ১(এক) টি এডিকড়ই গাছ বিধি মোতাবেক অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী<br>ও<br>উপজেলা বন কর্মকর্তা |
| গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের জরুরী কাজের জন্য উপজেলা পরিষদের TO&E তে অর্ন্তভূক্ত ১(এক) টি ফটোকপি মেশিন ক্রয় করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে বিধি মোতাবেক উপজেলা পরিষদের ফটোকপি মেশিন ক্রয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/১০/২১

(এস. এম. জামাল আব্দুন নাছের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ইসলামপুর, জামালপুর।

স্মারকনং-৪৬.৪৫.৩৯২৯.০০০.০৬.৪৩.২০- ৮৩

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৮ / ১৪ অক্টোবর ২০২১

বিতরণ সদয় অবগতি/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৩৯, জামালপুর-২।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৫। মেয়র, ইসলামপুর পৌরসভা, ইসলামপুর, জামালপুর।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৭। উপজেলা ........................................অফিসার (সকল), ইসলামপুর, জামালপুর।
৮। অফিসার ইন-চার্জ, ইসলামপুর থানা, ইসলামপুর, জামালপুর।
৯। চেয়ারম্যান,.................................. (সকল) ইউপি, ইসলামপুর, জামালপুর।
১০। অফিস কপি।

২৪/১০/২০২১

(জাহিদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ইসলামপুর, জামালপুর।



CamScanner